

প্রেস রিলিজ

তারিখ: ২৫ নভেম্বর ২০২৫

বাউবির আইকিউএসি-এর নতুন পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর নতুন পরিচালক হিসেবে দায়িত্ব গ্রহণ করেছেন স্কুল অব বিজনেসের ফাইন্যান্স বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁকে ডিনের পদমর্যাদাসম্পন্ন সুবিধাসহ এ পদে আগামী তিন বছরের জন্য নিয়োগ প্রদান করে।

গতকাল সোমবার (২৪ নভেম্বর ২০২৫) তিনি আনুষ্ঠানিকভাবে আইকিউএসি-এর পরিচালক পদে দায়িত্বভার গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পর তিনি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রোগ্রামসমূহের মানোন্নয়ন, শিক্ষকদের গবেষণামুখী কার্যক্রমকে আরও সমৃদ্ধ করা এবং কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা ও জাতীয়-আন্তর্জাতিক মানের সেমিনার-সিম্পোজিয়াম আয়োজনের মাধ্যমে শিক্ষার সামগ্রিক গুণগত মান নিশ্চিত করতে কাজ করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

অধ্যাপক ড. জহির রায়হান বাউবির গুণগত শিক্ষা নিশ্চিত আইকিউএসি-এর কার্যক্রমকে আরও যুগোপযোগী ও কার্যকর করতেও প্রয়োজনীয় সব উদ্যোগ গ্রহণের অঙ্গীকার করেন। এ গুরুত্বপূর্ণ দায়িত্ব অর্পণ করায় তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইলঃ ০১৭১৪৫০৫৭৪৭